যুগান্তর

তারিখ
পৃষ্ঠা ... কলাম ...
MAR. 19 2002

# এসএসসি : নকলবাজদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার জন্য শিক্ষা প্রতিমন্ত্রীর কঠোর নির্দেশ

'নকল ধরার পর শিক্ষকদের অনেকেই বিপাকে পড়েছেন'– এই শিরোনামে গতকাল সোমবার কোন কোন সংবাদপত্রে প্রকাশিত সংবাদের পরিপ্রেক্ষিতে শিক্ষা প্রতিমন্ত্রী আ.ন.ম. এহছানুল হক মিলন চলমান এসএসসি পরীক্ষায় অসদুপায় অবলম্বনকারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ দিয়েছেন। প্রতিমন্ত্রী জানিয়েছেন, নকলবাজ ছাত্রছাত্রীদের বহিষ্কারের পর কেউ যদি কোন শিক্ষক অথবা পরিদর্শকের ওপর হামলা করে বা কোনরূপ হুমকি প্রদান করে তবে তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য আইন প্রয়োগকারী সংস্থাকে ইতিমধ্যে প্রয়োজনীয় নির্দেশ দেয়া হয়েছে।

প্রকাশিত সংবাদে বরিশালের বানারীপাড়া ও গৌরনদীতে শিক্ষকের ওপর হামলার বিষয়ে প্রতিমন্ত্রী ব্যক্তিগতভাবে বরিশালের পুলিশ সুপারের সঙ্গে কথা বলেছেন এবং হামলাকারীদের বিরুদ্ধে আইনানুগ কঠোর ব্যবস্থা গ্রহণের নির্দেশ দিয়েছেন। তথ্য বিবরণী।